

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ৫০৪(আগরতলা, ১৯।৫)

খোয়াই, ১৯ মে ২০১৭

শিকারীবাড়ীতে সাংস্কৃতিক কর্মশালা সম্পন্ন

খোয়াই মহকুমা তথ্য ও সংস্কৃতি কার্যালয় এবং শিকারীবাড়ী ভিলেজের যৌথ উদ্যোগে আইদাক্কুর এস বি স্কুলে আয়োজিত সপ্তাহ ব্যাপী সাংস্কৃতিক কর্মশালা ১৬ মে শেষ হয়েছে। শিকারীবাড়ী ভিলেজে আয়োজিত সমাপ্তি অনুষ্ঠানে প্রশিক্ষণপ্রাপ্ত ৪২ জন শিল্পী মামিতা, গড়িয়া, লেবাংবুমানি নৃত্য ও দেশাত্মবোধক সঙ্গীত পরিবেশন করেন। এই অনুষ্ঠানে শিকারীবাড়ী ভিলেজের চেয়ারম্যান সুকুমনি দেববর্মা, পূর্ব চাম্পাছড়া ভিলেজের চেয়ারম্যান পবন দেববর্মা, সমাজসেবী শচীকান্ত দেববর্মা প্রমুখ উপস্থিত ছিলেন।

This document was converted using
Smart PDF Converter
To remove this message purchase the
product at www.SmartPDFConverter.com